

 ভিডিও

 সাক্ষাৎকার

 ছবি

ভর্তি

## গুচ্ছভুক্ত তিন বিশ্ববিদ্যালয়ের চারুকলা পরীক্ষার কেন্দ্র বাছাইয়ের তারিখ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

গুচ্ছ ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীরা ফাইল ছবি

---

গুচ্ছভুক্ত ২৪ বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিতে তিনটি বিশ্ববিদ্যালয়ের চারুকলা ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়েছে। ৩১ মে থেকে অনলাইনে এ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। গুচ্ছের ভর্তিবিষয়ক [ওয়েবসাইটে](#) এ তথ্য জানানো হয়েছে।

গুচ্ছ ভর্তির বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও খুলনা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের বিভাগগুলো এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগে আবেদনকারীদের ৩১ মে হতে ১ জুন পর্যন্ত [ওয়েবসাইটে](#) চারুকলা ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র নির্বাচন করতে হবে।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগে আবেদনকারীদের ব্যবহারিক পরীক্ষার স্থান ও সময়সূচি পরে বিশ্ববিদ্যালয়ের [ওয়েবসাইটে](#) প্রকাশ করা হবে। চারুকলা ছাড়া অন্য বিশেষায়িত বিভাগগুলোর ব্যবহারিক পরীক্ষাসংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের [ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

এর আগে গুচ্ছভুক্ত ২৪ বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন শুরু হয়েছে।

By using this site, you agree to our Privacy Policy.

বিশ্ববিদ্যালয়গুলোর বিভাগ পছন্দক্রমসহ ভর্তির আবেদন চলছে অনলাইনে। গুচ্ছের ওয়েবসাইটে বলা হয়েছে, জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর বিভাগ পছন্দক্রমসহ ভর্তির আবেদন ২০ মে দুপুর ১২টায় শুরু হবে। ২৮ মে বেলা ১১টা ৫৯ মিনিট পর্যন্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। অনলাইনে বিভাগ পছন্দক্রমসহ ভর্তির আবেদন কীভাবে করতে হবে, সে জন্য একটি ভিডিও গাইডলাইন দেওয়া হয়েছে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে আবেদন ফি ৫০০ টাকা।

এর আগে গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির পক্ষ থেকে বলা হয়েছিল, ২০ জুলাইয়ের মধ্যে ভর্তির কার্যক্রম শেষ হবে। এরপর ক্লাস শুরু হবে।

গত ২৭ এপ্রিল এ ইউনিট (বিজ্ঞান), ৩ মে বি ইউনিট (মানবিক) এবং ১০ মে সি ইউনিটের (বাণিজ্য) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

## গুচ্ছভুক্ত ২৪টি বিশ্ববিদ্যালয়

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঢাকা), ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সিলেট), খুলনা বিশ্ববিদ্যালয় (খুলনা), হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (দিনাজপুর), মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (টাঙ্গাইল), নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোয়াখালী), কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুমিল্লা), জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যশোর), বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (রংপুর), পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পাবনা), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোপালগঞ্জ), বরিশাল বিশ্ববিদ্যালয় (বরিশাল), রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রাঙামাটি), রবীন্দ্র বিশ্ববিদ্যালয় (সিরাজগঞ্জ), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয় (গাজীপুর), শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় (নেত্রকোনা), বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (জামালপুর), পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পটুয়াখালী), কিশোরগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কিশোরগঞ্জ), চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চাঁদপুর), সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সুনামগঞ্জ) এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিরোজপুর)।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

By using this site, you agree to our Privacy Policy.

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো